

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২০৭

২৯/ 'কাসামা'-(খুনের ব্যাপারে বিশেষ ধরনের হলফ করা), 'মুহারিবীন' (শত্রু সৈন্য), 'কিসাস' (খুনের বদলা) এবং 'দিয়াত' (খুনের শাস্তি স্বরূপ অর্থদন্ড) (كتاب القسامة والمحاربين والقصاص والديات) পরিচ্ছেদঃ ২. শত্রু সৈন্য এবং মুরতাদের বিচার

باب حُكْم الْمُحَارِبِينَ وَالْمُرْتَدِّينَ

আরবী

حَدَّثَنَا أَبُو جَعْفَرٍ، مُحَمَّدُ بِنُ الصَّبَّاحِ وَأَبُو بَكْرِ بِنُ أَبِي شَيْبَةَ _ وَاللَّفْظُ لَأَبِي بَكْرٍ _ قَالَ حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ، عَنْ حَجَّاجِ بْنِ أَبِي عُثْمَانَ، حَدَّثَنِي أَبُو رَجَاءٍ، مَوْلَى أَبِي قِلاَبَةَ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ أَبِي قِلاَبَةَ مَدَّثَنِي أَنسٌ، أَنَّ نَفَرًا، مِنْ عُكُل ثَمَانِيَةً قَدِمُوا عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَبَايَعُوهُ عَلَى الإِسْلاَمِ فَاسْتَوْخَمُوا الأَرْضَ وَسَقُمَتْ أَجْسَامُهُمْ فَشَكَوْا ذَلِكَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . فَقَالَ " أَلاَ تَخْرُجُونَ مَعَ رَاعِينَا فِي إِبِلِهِ فَتُصِيبُونَ مِنْ أَبْوَالِهَا وَأَلْبَانِهَا " . فَقَالُوا بَلَى . فَخَرَجُوا فَشَرِبُوا مِنْ أَبُوالِهَا وَأَلْبَانِهَا فَصَحُّوا فَقَتَلُوا الرَّاعِيَ وَطَرَدُوا الإِبلِ فَبَلغَ ذَلِكَ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم فَبَعَثَ فِي آثَارِهِمْ الرَّاعِيَ وَطَرَدُوا الإِبلِ فَبَلغَ ذَلِكَ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم فَبَعَثَ فِي آثَارِهِمْ لَلرَّاعِيَ وَطَرَدُوا الإِبلِ فَبَلغَ ذَلِكَ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم فَبَعَثَ فِي آثَارِهِمْ فَلُوا لِهَا وَأَلْبَانِهَا وَالْمَانُوا . وَقَالَ ابْنُ الصَّبَّاحِ فِي رِوَايَتِهِ وَاطَّرَدُوا النَّعَمَ . وَقَالَ وَسُمِرَ أَعْيُنُهُمْ ثُمَّ نُبِدُوا فِي الشَّمْسِ حَتَّى مَاتُوا . وَقَالَ ابْنُ الصَّبَّاحِ فِي رِوَايَتِهِ وَاطَّرَدُوا النَّعَمَ . وَقَالَ وَسُمِرَ أَعْيُنُهُمْ . .

বাংলা

৪২০৭। আবৃ জাফর মুহাম্মাদ ইবনু সাব্বাহ ও আবৃ বকর ইবনু আবৃ শায়বা (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত যে, "উকল" গোত্রের আট জনের একটি দল রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আগমন করল। অতঃপর তারা ইসলামের ওপর বাইআত গ্রহণ করল। কিন্তু সেখানকার আবহাওয়া তাদের অনুকুলে না হওয়ায় তাদের শরীর অসুস্থ হায় গেল। তখন তারা এ ব্যাপারে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আভিযোগ করল। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা কি আমাদের রাখালের সাথে-গমন করে উটের মূত্র ব্যবহার এবং দুধ পান করতে পারবে? তখন তারা বলল, জী হ্যাঁ। এরপর বের হয়ে গেল এবং তার মূত্র ব্যবহার ও দুধ পান করল। এতে তারা সুস্থ হয়ে গেল।



অতঃপর তারা রাখালকে হত্যা করল এবং উটগুলো তাড়িয়ে নিয়ে গেল। এই সংবাদ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পৌঁছল। তিনি তাদের পিছনে লোক পাঠালেন। তাঁরা ধরা পড়ল এবং তাদেরকে নিয়ে আসা হল। তাদের প্রতি আদেশ জারি করা হল এবং তাদের হাত-পা কর্তন করা হল এবং তপ্ত লৌহ শলাকা চোখে প্রবেশ করানো হলো। এরপর তাদেরকে রৌদ্রে নিক্ষেপ করা হলো। অবশেষে তারা মারা গেল।

ইবন সাব্বাহ (রহঃ) ... এর বর্ণনা وَطَرَدُوا النَّعَمَ এর স্থলে وَطَرَدُوا الإِبِل উল্লেখ রয়েছে এবং তার বর্ণনায় وَاطَّرَدُوا النَّعَمَ त्राह ।

English

Anas reported:

Eight men of the tribe of 'Ukl came to Allah's Messenger () and swore allegiance to him on Islam, but found the climate of that land uncogenial to their health and thus they became sick, and they made complaint of that to Allah's Messenger (), and he said: Why don't you go to (the fold) of our camels along with our shepherd, and make use of their milk and urine. They said: Yes. They set out and drank their (camels') milk and urine and regained their health. They killed the shepherd and drove away the camels. This (news) reached Allah's Messenger () and he sent them on their track and they were caught and brought to him (the Holy Prophet). He commanded about them, and (thus) their hands and feet were cut off and their eyes were gouged and then they were thrown in the sun, until they died. This hadith has been narrated on the authority of Ibn al-Sabbah with a slight variation of words.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন